AGIO PAPER

**Date: 21.04.2022**

**To,**
**BSE Limited**
**Department of Corporate Filings,**
**Phiroze Jeejeebhoy Towers, Dalal Street,**
**Mumbai – 400 001**

**Sub: Submission of newspaper publication under Regulation 47 of SEBI (LODR) Regulations, 2015.**

**Ref: Agio Paper & Industries Ltd. (Scrip Code: 516020 )**

Dear Sir / Madam,

With reference to the abovementioned subject and Pursuant to Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find attached herewith Press Release for "Intimation of Board Meeting" under Regulation 29 of the SEBI (LODR), Regulations, 2015 for the quarter ended 31st March, 2022 published in the newspapers viz. 'Financial Express' (English) and "Ekdin" (Bengali) on April 21, 2022.

This is for your information & record.

Thanking You,

**Yours Faithfully,**
**For AGIO PAPER & INDUSTRIES LTD**

Malay Chakrabarty

**Malay Chakrabarty**
**Director**
**DIN: 03106149**

AGIO PAPER & INDUSTRIES LTD. KOLKATA

**Encl: as above**

**C.C.To :The Calcutta Stock Exchange Ltd**

Regd. Off.: Agio Paper & Industries Ltd.
505, Diamond Prestige
41A, A.J.C. Bose Road, Kolkata – 700 017
Phone : +91-33-4063-0612
E-mail : ho@agiopaper.co.in

Mill: Agio Paper & Industries Ltd.
Village Dhenka, P.O. Darrighat-Masturi
Bilaspur - 495 551 (Chhattisgarh)
Tele-Fax : +91-7752-257 010
E-mail : mill@agiopaper.co.in

CIN : L21090WB1984PLC037968

# আসানসোলে থেকেই কাজ করব, বললেন শত্রুঘ্ন সিন্‌হা




বুবুন মুখোপাধ্যায়

**আসানসোল:** আসানসোল লোকসভা কেন্দ্রের উপনির্বাচনে তিন লক্ষের বেশি ভোটে জিতে সাংসদ হয়েছেন তৃণমূল কংগ্রেসের প্রার্থী শত্রুঘ্ন সিন্‌হা। বুধবার বিকেলে তিনি আসানসোল দক্ষিণ বিধানসভা অন্তর্গত বার্নপুর স্টেশন রোডের তৃণমুল কংগ্রেসের অশোক রুদ্রের কার্যালয়ে আসেন। সেখানে তাকে পুষ্পস্তবক দিয়ে সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন, জেলা নেতা প্রবোধ রায়, আসানসোল পুরনিগমের কাউন্সিলর তৃণমূল কংগ্রেসের শিক্ষক সংগঠনের রাজ্য নেতা অশোক রুদ্র, সোনা গুপ্তা, গুরমিত সিং, রাকেশ শর্মা ও উৎপল সেন-সহ অন্যান্য তৃণমূল নেতৃবৃন্দ। সংবর্ধনা পেয়ে শত্রুঘ্ন সিন্‌হা বলেন, এই জয় সবার জয়। বিশেষ করে এটা মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূল কংগ্রেসের জয়। মমতা বন্দ্যোপাধ্যায় এখন দেশের মধ্যে সবচেয়ে জনপ্রিয় নেত্রী।

তিনি বলেন, জেতার পরে আমি চলে যাইনি। সবার সঙ্গে দেখা করছি। খুব তাড়াতাড়ি দিদির সঙ্গে দেখা করতে কলকাতা যাব। সেখান থেকে দিল্লি। তারপর মুম্বই হয়ে আবার আসানসোলে ফিরে আসব। আমি আসানসোলে থেকে আসানসোলের জন্য কাজ করব। মন্ত্রী মলয় ঘটক সহ সবার সঙ্গে কথা বলে এখানকার কি কি সমস্যা আছে, তা জানার চেষ্টা করব। প্রয়োজনমতো সংসদে তা তুলে ধরার চেষ্টা করব। এদিন শত্রুঘ্ন সিন্‌হার বার্নপুরে আসা কে কেন্দ্র করে সাজো সাজো রব ছিল শহরজুড়ে। ফুলমালা নিয়ে বহুসংখ্যক মহিলা উপস্থিত ছিলেন বার্নপুর স্টেশন রোড সংলগ্ন তৃণমূলের দলীয় অফিসের সামনে।

# শিল্প হওয়া নিয়ে বারে বারে বাংলার যুবকদের বোকা বানিয়েছেন কিন্তু শিল্প হয়নি

## সিঙ্গুরে দাঁড়িয়ে মন্তব্য বিজেপি নেতা সুকান্ত মজুমদারের



সিঙ্গুরের মাটিতে দাঁড়িয়ে বিজেপি নেতা সুকান্ত মজুমদার চাষিদের সম্মতি নিয়ে শিল্প করার আশ্বাস দেন।

**নিজস্ব প্রতিবেদনল, হুগলি:** একদিকে কলকাতায় যখন বাংলায় শিল্পপতিদের বিনিয়োগের জন্য বিশ্ব বাণিজ্য সম্মেলন হচ্ছে, তখন অন্যদিকে হুগলির সিঙ্গুরে টাটাদের ফেলে যাওয়া পরিত্যক্ত জমিতে যেখানে মাছের ভেরি হচ্ছে সেখানে দাঁড়িয়ে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বাংলায় শিল্পে বিনিয়োগ নিয়ে রাজ্য সরকারের ভূমিকা নিয়ে কটাক্ষ করেন। এদিন সিঙ্গুরের মাটিতে ফের শিল্পের ডাক দিতে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মোটরবাইকে চেপে গোপালনগরে একদা টাটাদের প্রকল্প এলাকায় যান এবং চাষিদের দুর্দশার কথা তুলে ধরার পাশাপাশি মাছের ভেরি তৈরি হওয়ার প্রতিবাদ জানান। এই বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যে বিজেপি সরকার আসুক, যদি কৃষকরা এখানে শিল্প করতে চান, তাঁদের মনে হয় যে এখন আমরা শিল্পের পক্ষপাতী। আমরা ৬ মাস থেকে ১ বছরের মধ্যে...আমি ব্যক্তিগতভাবে গ্যারান্টি দিচ্ছি, ১ বছরের মধ্যে এই জমিতে শিল্প করে দেখাব। আমি শিল্পপতি ডেকে আনব। বিনিয়োগকারী আছে। প্রসঙ্গত, কয়েক মাস আগে সিঙ্গুরে শিল্পের জমিতে বড় বড় জলাশয় তৈরি করে মাছের ভেরি তৈরি ঘিরে বিতর্ক বাধে। সেই সিঙ্গুরেই শিল্পের প্রতিশ্রুতি দিলেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি কলকাতায় বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন নিয়ে কটাক্ষ করে বলেন, বাংলার মুখ্যমন্ত্রী ২০১৭ সালেও একটা কোটি টাকা খরচ করে বিজনেস সামিট হয়েছিল। কোনও শিল্প হয়নি। বারে বারে মিথ্যা কথা বলেন। বাংলার যুবকদের বোকা বানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে বলতে গিয়ে তিনি বলেন, তিনি শিল্প আনার জন্য শিল্প সামিট করছেন। আর ছোট শিল্পপতি বা ব্যবসায়ী শহরের মধ্য গুলিবিদ্ধ হচ্ছেন। সহজেই বুঝতে পারছেন রাজ্যের অবস্থা। সবমিলিয়ে আবারও

# বাংলায় সিন্ডিকেটরাজ চলছে, হাইকোর্টের তত্ত্বাবধানে সিবিআই চাই : অধীররঞ্জন চৌধুরী

মিলন গোস্বামী



**বোলপুর:** 'বিজেপির মতো সিবিআই চাই না। আমরা হাইকোর্টের তত্ত্বাবধানে সিবিআই তদন্ত চাই।' শান্তিনিকেতনে আদিবাসী নির্যাতিতার বাড়িতে এসে এ কথা বললেন কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা অধীররঞ্জন চৌধুরী।

বুধবার পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী বোলপুরের শান্তিনিকেতনে নির্যাতিতা আদিবাসী পরিবারের সঙ্গে দেখা করতে বীরভূম জেলা কংগ্রেসের সভাপতি মিল্টন রশিদকে সঙ্গে নিয়ে তিনি উপস্থিত হন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, 'আমরা তো দেখে আসছি মোদির সিবিআই ও দিদির সিআইডি একই। তৃণমূল মানেই কাটমানি, খুন, ধর্ষণ। রাজ্য এখন ধর্ষণময়। এই সরকার নিরাপত্তা দিতে পারছে না। সারা বাংলা জুড়ে বখরার ভাগ নিয়ে মারামারি শুরু হয়েছে। দলে যেমন অঞ্চল কমিটি, গ্রাম কমিটি হয়। তেমন বাংলা জুড়ে তৃণমূলের সিণ্ডিকেট কমিটি হয়েছে।'

নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করে পরিবারকে আশ্বস্ত করেছেন অধীর চৌধুরী তাঁর দাবি নির্যাতিতার পরিবার আইনের পথে যত দূর যেতে চাইবেন তাদের সঙ্গেই থাকবেন তারা। পরিবারের পাশাপাশি অধীরও চান দোষী ব্যক্তিদের শাস্তি হোক।

# ভারতীয় খাদ্য নিগমের ভূমিকা তুলে ধরতে কর্মশালার আয়োজন

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** করোনা সংক্রমণ পরিস্থিতি থেকে ভারতীয় খাদ্য নিগম (ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া) কি ভূমিকা পালন করেছে তা জনসমক্ষে তুলে ধরতে একটি কর্মশালার আয়োজন করা হল। বুধবার পুরাতন মালদার মঙ্গলবাড়ি নলডুবি সংলগ্ন এলাকার ভারতীয় খাদ্য নিগম দপ্তরের একটি কনফারেন্স হলে স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে এই কর্মশালার আয়োজন করা হয়। সেখানে ভারতীয় খাদ্য নিগম মালদা জেলার পদস্থ কর্তারা উপস্থিত হয়েছিলেন।

এদিন পুরাতন মালদার সাহাপুর হাই স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে ভারতীয় খাদ্য নিগমের মালদার অফিস এবং সমস্ত গোডাউন, রেক

**মালদা**

পয়েন্ট সহ অন্যান্য বিষয়বস্তুগুলো ঘুরে দেখানো হয়। সংশ্লিষ্ট দপ্তরের পদস্থ আধিকারিকেরা বলেন, কিভাবে ভারতীয় রেল, কেন্দ্রীয় খাদ্য নিগমকে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী আমদানি-রপ্তানির ক্ষেত্রে সহযোগিতা করছে। পাশাপাশি ভারতীয় খাদ্য নিগম কিভাবে সাধারণ মানুষের সুবিধার্থে চাল, ডাল, গম সহ বিভিন্ন ধরনের খাদ্য সামগ্রী মজুত করে রাজ্য সরকারের কাছে হস্তান্তর করেছে, এরকম সমস্ত বিষয় নিয়ে ছাত্রছাত্রীদের অবগত করা হয়।

ভারতীয় খাদ্য নিগমের মালদা ও দক্ষিণ দিনাজপুর রেঞ্জের ডিভিশনাল ম্যানেজার প্রবাল কুমার বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, করোনাকাল থেকে মানুষের খাদ্য সংকট দূর করতে ভারতীয় খাদ্য নিগম কিভাবে কাজ করে চলেছে তার উপর একটি সেমিনার হয়েছে। এক্ষেত্রে সাধারণ মানুষ এবং স্কুলের ছাত্র-ছাত্রীদের সব কিছু ঘুরিয়ে দেখানোর ব্যবস্থা করা হয়েছে। করোনা সংক্রমণে ভারতীয় খাদ্য নিগমের যে অগ্রণী ভূমিকা পালন করেছিল, সে ব্যাপারে এদিন এই কর্মশালার মাধ্যমে তুলে ধরা হয়।

# উদাসীনতার কারণে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালাটি এখন বন্ধ, অসন্তোষ



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** দীর্ঘদিন ধরে বন্ধ অবস্থায় পড়ে রয়েছে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালা। এখানে মালদার প্রাচীন ঐতিহ্যশালী বেশকিছু সম্পদ সংরক্ষিত রয়েছে। এছাড়াও বিভিন্ন ধরনের পাথরের তৈরি দেবদেবীর মূর্তিও রয়েছে ওই সংগ্রহশালায়। অথচ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের ইতিহাস সম্পর্কে অবগত করতে প্রাচীন নিদর্শন সামগ্রী সংরক্ষিত এই সংগ্রহশালাটি চালু করা হয়েছিল বিশ্ববিদ্যালয়ে। কিন্তু কোনো এক উদাসীনতার কারণে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালাটি এখন বন্ধ অবস্থায় পড়ে রয়েছে। আর এনিয়েই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের মধ্যে অসন্তোষ তৈরি হয়েছে।

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালাটি নিয়মিত খোলা রাখার দাবি জানালেন বিশ্ববিদ্যালয়ের একাংশ। গৌড়বঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে সংগৃহীত নানা যুগের পাথরের মূর্তি যেমন আছে, পাশাপাশি সংগৃহীত হয়েছে বাঁকুড়ার দশাবতার তাস, মুর্শিদাবাদের পটচিত্র, দক্ষিণ চব্বিশ পরগনার আহ্লাদী পুতুল অথবা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে সংগৃহীত মাটির তৈরি পীরের মাজারের ঘোড়া। আছে গম্ভীরা আর ছৌয়ের মুখোশের বিস্তৃত সংগ্রহ। সীমিত পরিসরের মধ্যে পুরোটাই ছিমছাম করে গুছিয়ে রাখা। ফোল্ডার আকারে মুদ্রিত ক্যাটালগে যত্ন এবং পরিকল্পনার স্পষ্ট ছাপ। জাতীয় ও আন্তর্জাতিক স্তরের অনেক বিশিষ্টজন ঘুরে গিয়েছেন এই সংগ্রহশালা থেকে। মন্তব্য লেখার খাতাতে তাঁদের মুগ্ধতার ছাপ স্পষ্ট। আপাতত কর্তৃপক্ষের বিশেষ অনুমতিক্রমে কোনও কোনও সময় হয়তো খোলা হয় এই সংগ্রহশালাটি।

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, মালদা কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ও লোকসংস্কৃতি বিশেষজ্ঞ অধ্যাপক প্রদ্যোত ঘোষের ব্যক্তিগত সংগ্রহ থেকে প্রাপ্ত অধিকাংশ সামগ্রী এখানে সংরক্ষিত হয়েছে। সংগ্রহশালার নামকরণ হয়েছে প্রদ্যোতবাবুর মা কবি সুনীতি ঘোষের নামে।

## সিবিআই তদন্তের দাবি মৃতের পরিবারের

# পরিবারের পাশে থাকার আশ্বাস বিজেপি রাজ্য সভাপতির



**নিজস্ব প্রতিবেদন রামপুরহাট:** বীরভূমে মল্লারপুরে মৃত বিজেপি সমর্থক পূর্ণচন্দ্র লাহার বাড়িতে এলেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। এদিন বিজেপির রাজ্য সভাপতি বোলপুর সাংগঠনিক জেলা সভাপতি অষ্টম মণ্ডল জেলা নেতৃত্ববৃন্দকে সঙ্গে নিয়ে মৃতের পরিবারের সঙ্গে দেখা করতে আসেন।

পরিবারের সঙ্গে দেখা করে কথা বলে পাশে থাকার আশ্বাস দেন। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারের সামনে বিজেপি কর্মী পূর্ণচন্দ্র লাহার মেয়ে সিবিআই তদন্তের দাবি করেন। সেই বিষয়ে আশ্বাস দেন সুকান্ত মজুমদার। তিনি বলেন, পরিবার বলছে খুন করা হয়েছে পুলিশ চেষ্টা করছে এটা কে আত্মহত্যা ঘটনা বলে চালিয়ে দেওয়ার জন্য। বিজেপি রাজ্য সভাপতির দাবি প্রকৃত দোষীদের শাস্তি হোক।

# বারাসাতে মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল সভায় লক্ষ্মীর ভাণ্ডার

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে নিউটাউনে, বিশ্ব বাণিজ্য কনভেনশন সেন্টারে আয়োজিত হচ্ছে বিশ্ব বাংলা বাণিজ্য সম্মেলন। মুখ্যমন্ত্রী কনভেনশন সেন্টার থেকে দ্বিতীয় দফায় পাঁচ লাখ মহিলার লক্ষ্মীর ভাণ্ডার তহবিলের অর্থ সূচনা করেন। বুধবার উঃ চব্বিশ পরগনা জেলার বারাসাত রবীন্দ্র ভবনে মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল উপস্থিতিতে জেলার প্রায় ১০০০ উপভোক্তার হাতে লদীর ভাণ্ডার প্রকল্পের সুবিধা তুলে দেওয়া হয়। এদিনের সরকারি অনুষ্ঠানে উপস্থিত থেকে জনপরিষেবা প্রদান করেন রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক, জেলাশাসক সুমিত গুপ্তা, সভাধিপতি বিনা মণ্ডল, বন ও ভূমির কর্মাধ্যক্ষ একেএম ফারহাদ, অতিরিক্ত জেলাশাসক তাহেরুজ্জমান সহ অন্যান্য বিশিষ্টজনরা।

# বিচারাধীন বন্দির মৃত্যু ডায়মন্ড হারবারে

**নিজস্ব সংবাদদাতা, ডায়মন্ড হারবার:** সংশোধনাগারে থাকা বিচারাধীন বন্দির মৃত্যুকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়াল ডায়মন্ড হারবারে। টানা কয়েকদিন ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর বুধবার সকালে মৃত্যু হয় তাঁর। জানা গিয়েছে, মৃতের নাম মইদুল মোল্লা (২১)। তিনি কাকদ্বীপের হারুউড পয়েন্ট উপকূল থানার পাঁচ নম্বর হাটের বাসিন্দা। সংশোধনাগার সূত্রে খবর, মৃতের বিরুদ্ধে ডাকাতি, অস্ত্র আইন সহ একাধিক ধারায় মামলা হয়েছিল। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, মইদুল মোল্লা নামে ওই বিচারাধীন বন্দির বিরুদ্ধে ২০১৮ সালে কুলপি থানায় কেস শুরু হয়। সেই সময় ডাকাতি ও আর্মস কেসে তাঁকে গ্রেপ্তার করেছিল পুলিশ। ফের গত ১০ এপ্রিল ডাকাতি করতে গিয়ে ফের ধরা পড়েন মইদুল। গণপ্রহারের পরে তাঁকে হারুউড পয়েন্ট কোস্টাল থানার হাতে তুলে দেন স্থানীয় বাসিন্দারা। পর দিনই কাকদ্বীপ মহকুমা আদালতে পাঠানো হলে জেল হেপাজত হয়। ডায়মন্ড হারবার উপসংশোধনাগারে গত ১৪ এপ্রিল অসুস্থ হয়ে পড়েন তিনি। তড়িঘড়ি তাঁকে ভর্তি করা হয় ডায়মন্ড হারবার মেডিক্যাল হাসপাতালে। এরপর বুধবার সকালে মৃত্যু হয় তাঁর। এই দিনই মৃতদেহের ময়নাতদন্ত হয় হাসপাতালের মর্গে। এই বিষয়ে ডায়মন্ড হারবারের মহকুমা শাসক তথা উপসংশোধনাগারের সুপার অঞ্জন ঘোষ জানিয়েছেন, 'ওই আসামী দীর্ঘদিন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন এবং বুধবার হাসপাতালেই মৃত্যু হয়েছে। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতেই সুরাথল করানো হয়েছে। পুরো প্রক্রিয়াটির ভিডিওগ্রাফি করা হয়।'

# তরমুজের ভালো ফলনে হাসি ফুটল মালদার চাষিদের

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** একদিকে রমজান মাস। অন্যদিকে মালদায় শুরু হয়েছে বৈশাখী জহুরা কালী পুজো এবং মঙ্গলচণ্ডীর ব্রত। আর এই দুইয়ে মিলিয়ে এখন মালদায় তরমুজ বিক্রেতাদের মুখে ব্যাপক হাসি ফুটেছে। তার কারণ, অন্যান্য বছরের তুলনায় এবারে তরমুজের চাহিদা ব্যাপক হারে বেড়ে গিয়েছে। তাই বেশি ক্রেতাদের কাছে দামদর করতে হচ্ছে না তরমুজ বিক্রেতাদের। এবারে করোনা সংক্রমণ কাটিয়ে উঠে তরমুজ বিক্রেতারা ব্যাপক লাভের আশা করছেন।

মালদা শহরের ইংরেজবাজার নিয়ন্ত্রিত বাজারে সব থেকে বড় ফলের মার্কেট রয়েছে। এছাড়াও শহরের চিত্তরঞ্জন মার্কেট, নেতাজি পুরো মার্কেট সহ একাধিক বাজারগুলিতে অধিকাংশ ফল ব্যবসায়ীরা পসরা সাজিয়ে তরমুজ বিক্রি শুরু করেছেন। সেখানকার তরমুজ বিক্রেতাদের বক্তব্য, গত কয়েকবছর করোনা সংক্রমণে ভালোমতো বেচাকেনা করতে পারেনি। কিন্তু এবারে ব্যাপক গরম পড়েছে। তাতেই তরমুজের চাহিদা বেড়েছে। পাশাপাশি একই মাসের মধ্যে চলছে রোজা এবং মঙ্গলচণ্ডী ও বৈশাখী কালীপুজো। ফলে সর্বধর্ম মানুষের কাছে তরমুজের চাহিদা ব্যাপক হারে রয়েছে। গত কয়েক বছরের মধ্যে এরকম তরমুজের চাহিদা বাড়েনি। তাই এবার তরমুজ বিক্রি করে এই সিজিনে অন্তত ভালো লাভের আশা করছেন বিক্রেতারা।

মালদা শহরের রথবাড়ি এলাকায় ফল ব্যবসায়ী বিনয় দাস, রাজু দাসদের বক্তব্য, রমজান মাসে তরমুজের চাহিদা বেড়েছে। অপরদিকে জহুরা কালী বাড়িতে শুরু হয়েছে বৈশাখী পুজো। সে ক্ষেত্রে তরমুজ বিক্রি খুব ভালো হচ্ছে। দুই ধরনের তরমুজ বিক্রি করছি। একটি সাদা তরমুজ। যার দাম কিলো প্রতি ২০ টাকা। আরেকটি কালো তরমুজ যার দাম কেজি প্রতি ২৫ টাকা। কেজি হিসেবে তরমুজ বিক্রি করা হয়। এবছর তরমুজ বিক্রি করে ফল ব্যবসায়ীরা ভালো লাভ করবেন বলে আশাবাদী অনেকেই।



মালদা শহরের বিভিন্ন বাজারে ফল কিনতে আসা একাংশ ক্রেতাদের বক্তব্য, আগে তো তরমুজ পিস হিসেবে বিক্রি করতেন বিক্রেতারা। কিন্তু এখন কেজি হিসেবে বাজারে বিক্রি হচ্ছে। রমজান মাস এবং বৈশাখী কালীপুজো, মঙ্গলচণ্ডী পুজোর জন্য এই ফলের চাহিদা বেড়েছে।

মালদা ফল ব্যবসায়ী সমিতি কর্তৃপক্ষ জানিয়েছে, গত কয়েক বছরে করোনার জন্য ব্যবসায় ব্যাপক লোকসান হয়েছিল। তবে এবারের পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়েছে। তাই তরমুজ বিক্রেতারা এবছর অনেকটাই লাভবান হবে বলে মনে করা হচ্ছে।

**অফিস অফ দ্য রিকভারি অফিসার-III**
**ডেটস্ রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি-৩)**
৯ম তল, জীবন সুধা বিল্ডিং, ৪২/সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১
**দাবি বিজ্ঞপ্তি**
**দ্য রিকভারি অফ ডেটস্ এন্ড ব্যাঙ্করাপসি এক্ট, ১৯৯৩ এর ২৫ থেকে ২৮ সেকশন এর অধীন এবং ইনকাম ট্যাক্স এক্ট, ১৯৬১ এর দ্বিতীয় তফসিলের রুল ২ -এর অধীনে বিজ্ঞপ্তি**
আরসি/৬৪৮/২০১৯
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
বনাম
**মেসার্স সামসভিক ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ এবং অন্যান্য**
প্রতি,
**(সিডি ১) মেসার্স সামসভিক ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ এবং অন্যান্য** স্যুট নং-২ডি, ৩য় তল গজরাজ, চেম্বার্স ৮৬/বি/২ তপসিয়া রোড, কলকাতা- ৭০০ ০৪৬ - ৭০০ ০৪৬
**(সিডি ২) ভবেন কামদার,** স্যুট নং-২ডি, ৩য় তল গজরাজ চেম্বার্স ৮৬/বি/২ তপসিয়া রোড, কলকাতা- ৭০০ ০৪৬ এবং ২বি, ৩য় তল, মঙ্গলম অ্যাপার্টমেন্ট ২, রো ল্যান্ড রোড, কলকাতা-৭০০ ০২০
**(সিডি ৩) ভুপেন্দ্র কামদার** স্যুট নং-২ডি, ৩য় তল গজরাজ চেম্বার্স ৮৬/বি/২ তপসিয়া রোড, কলকাতা- ৭০০ ০৪৬ এবং ২বি, ৩য় তল, মঙ্গলম অ্যাপার্টমেন্ট ২, রো ল্যান্ড রোড, কলকাতা - ৭০০ ০২০
**(সিডি ৪) শ্রীমতি রামাইলা কামদার,** ২বি, ৩য় তল, মঙ্গলম অ্যাপার্টমেন্ট ২, রো ল্যান্ড রোড, কলকাতা- ৭০০০২০
**(সিডি ৫) সন্তাবশ্রী রিয়ালিটিজ প্রাঃ লিঃ,** ৮৬/বি/২ তপসিয়া রোড দক্ষিণ, গজরাজ চেম্বার্স, স্যুট নং-২ডি , ৩য় তল, কলকাতা- ৭০০ ০৪৬
(সিডি ৬) ভ্রসান্স সেলস প্রাঃ লিঃ ১৩৮, বি.আর.বি. বসু রোড, রুম নং-জি৬৪, কলকাতা - ৭০০ ০০১
এটি অবহিত করা হচ্ছে যে, প্রিসাইডিং অফিসার, ডেটস্ রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি-৩) **টিএ/৮০১/২০১৪** দ্বারা পাস করা আদেশ অনুসারে জারি করা পুনরুদ্ধার শংসাপত্র অনুযায়ী, ৮,৪৫,৫৩,২১৩.৪৫ টাকা (আট কোটি পঁয়তাল্লিশ লক্ষ তিপান্ন হাজার দুইশো তেরো টাকা এবং পয়তাল্লিশ পয়সা মাত্র)এবং সেইসঙ্গে পেন্ডেন্টেলাইট এবং ভবিষ্যৎ সুদ বার্ষিক % হারে বার্ষিক সরল সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত এবং ০ টাকা (মাত্র) মূল্য আপনার বিরুদ্ধে বকেয়া হয়ে গেছে (যৌথভাবে এবং পৃথকভাবে)।
২. আপনাকে এর দ্বারা নোটিস প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরোক্ত অর্থ পরিশোধ করার নির্দেশ দেওয়া হয়েছে, যদি না ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানের কারণে ঋণ পুনরুদ্ধার অনুযায়ী পুনরুদ্ধার করা হয়। অ্যাক্ট, ১৯৯৩ এবং রুলস এর অধীনে।
৩. আপনাকে এর দ্বারা পরবর্তী শুনানির তারিখে বা তার আগে আপনার সম্পদের বিবরণ হলফনামায় ঘোষণা করার নির্দেশ দেওয়া হয়েছে।
৪. আপনি এত দ্বারা ২৪.০৫.২০২২ তারিখ **সকাল ১০.৩০ টায়** নিম্নস্বাক্ষরকারীর সামনে উপস্থিত হতে আদেশ করা হয়েছে পরবর্তী কার্যক্রমের জন্য।
৫. উপরোক্ত রাশি ছাড়াও আপনি আরও পরিশোধ করতে দায়বদ্ধ-
(ক) শংসাপত্র/সম্পাদনের প্রক্রিয়ার নোটিসের অব্যবহিত পরে শুরু সময়কালের জন্য প্রদেয় অনুরূপ সুদ।
(খ) এই বিজ্ঞপ্তি এবং ওয়ারেন্ট এবং অন্যান্য প্রক্রিয়া এবং প্রাপ্য পরিমাণ পুনরুদ্ধারের জন্য গৃহীত অন্যান্য সমস্ত প্রক্রিয়ার পরিষেবার ক্ষেত্রে মূল্য, চার্জ এবং ব্যয়।
**আমার হস্তাধীনে ট্রাইবুনালের সিলমোহরযুক্ত হল ২১/০৩/২০২২ তারিখে।**
স্বা/- বনশ্রী গুহ নিয়োগী
রিকভারি অফিসার
ডেটস্ রিকভারি ট্রাইবুনাল কলকাতা
(ডিআরটি ৩)

**অফিস অফ দি রিকভারী অফিসার-১/২**
ডেট্স্ রিকভারী ট্রাইবুনাল, কলকাতা (ডিআরটি-৩)
৯ম তল "জীবন সুধা বিল্ডিং"
৪২ সি জহওর লাল নেহরু রোড,
কলকাতা-৭০০০৭১
**দাবী বিজ্ঞপ্তি**
**দ্য রিকভারি অফ ডেটস্ এন্ড ব্যাঙ্করাপসি এক্ট, ১৯৯৩ এর ২৫ থেকে ২৮ সেকশন এর অধীন এবং ইনকাম ট্যাক্স এক্ট, ১৯৬১ এর দ্বিতীয় তফসিলের রুল ২ -এর অধীনে বিজ্ঞপ্তি**
আরসি/২৬/২০২১ ১০.০৩.২০২২
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
বনাম
**ট্রাইটেক প্রজেক্টস প্রাঃ লিঃ এবং অন্যান্য**
প্রতি,
**১)** ট্রাইটেক প্রজেক্টস প্রাইভেট লিমিটেড, প্রতিনিধিত্ব করেছেন ডিরেক্টর শ্রীমতী অমরপালি বসু নিবন্ধিত অফিস-৩৮/২ই গড়িয়াহাট রোড, পিন- ৭০০০২৯ এছাড়াও কর্পোরেট অফিস ফ্ল্যাট নং ২বি, মধুমীর, ২য় তল, ৮/৮, বিজয় গড়, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৩২
**২)** শ্রীমতী অমরপালি বসু, স্বামী- শ্রী সুভাষ বসু, ট্রাইটেক প্রজেক্টস প্রাঃ লিঃ এর ডিরেক্টর, ঠিকানা , ৩বি, রায়পুর রোড, - ৭০০০৯২
**৩)** সুপ্রীতিম বসু, পিতা- শ্রী সুভাষ বসু, ট্রাইটেক প্রজেক্টস প্রাঃ লিঃ এর ডিরেক্টর, ঠিকানা , ৩বি, রায়পুর রোড, - ৭০০০৯২
এটি অবহিত করা হচ্ছে যে, প্রিসাইডিং অফিসার, **ডেটস্ রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি-৩) টিএ/২৭৬/২০১৪** দ্বারা পাস করা আদেশ অনুসারে জারি করা পুনরুদ্ধার শংসাপত্র অনুযায়ী, ৪,৬১,৫৭,৮৫২.৪৬ **(চার কোটি একষট্টি লক্ষ সাতান্ন হাজার আটশো বাহান্ন টাকা এবং ছেচল্লিশ পয়সা মাত্র)** এবং সেইসঙ্গে পেন্ডেন্টেলাইট এবং ভবিষ্যৎ সুদ বার্ষিক @ ১৪.৫০% হারে বার্ষিক সরল সুদ ০৭.০৩.২০১৪ থেকে কার্যকর পরিশোধ না হওয়া পর্যন্ত এবং খরচ **১,৫০,০০০.০০ টাকা (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)** মূল্য আপনার বিরুদ্ধে বকেয়া হয়ে গেছে (যৌথভাবে এবং পৃথকভাবে)।
২. আপনাকে এর দ্বারা নোটিস প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরোক্ত অর্থ পরিশোধ করার নির্দেশ দেওয়া হয়েছে, যদি না ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানের কারণে ঋণ পুনরুদ্ধার অনুযায়ী পুনরুদ্ধার করা হয়। অ্যাক্ট, ১৯৯৩ এবং রুলস এর অধীনে।
৩. আপনাকে এর দ্বারা পরবর্তী শুনানির তারিখে বা তার আগে আপনার সম্পদের বিবরণ হলফনামায় ঘোষণা করার নির্দেশ দেওয়া হয়েছে।
৪. আপনি এত দ্বারা ২১.০৬.২০২২ তারিখ **সকাল ১০.৩০ টায়** নিম্নস্বাক্ষরকারীর সামনে উপস্থিত হতে আদেশ করা হয়েছে পরবর্তী কার্যক্রমের জন্য।
৫. উপরোক্ত রাশি ছাড়াও আপনি আরও পরিশোধ করতে দায়বদ্ধ-
**(ক)** শংসাপত্র/সম্পাদনের প্রক্রিয়ার নোটিসের অব্যবহিত পরে শুরু সময়কালের জন্য প্রদেয় অনুরূপ সুদ।
**(খ)** এই বিজ্ঞপ্তি এবং ওয়ারেন্ট এবং অন্যান্য প্রক্রিয়া এবং প্রাপ্য পরিমান পুনরুদ্ধারের জন্য গৃহীত অন্যান্য সমস্ত প্রক্রিয়ার পরিষেবার ক্ষেত্রে মূল্য, চার্জ এবং ব্যয়।
আমার হস্থাধীনে ট্রাইবুনালের সিলমোহরযুক্ত হল ১০/০৩/২০২২ তারিখে।
**স্বা/- বনশ্রী গুহ নিয়োগী**
**রিকভারি অফিসার**
**ভারত সরকার**
**ডেটস্ রিকভারি ট্রাইবুনাল-৩, কলকাতা**

**এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ**
**CIN: L21090WB1984PLC037968**
**রেজিঃ অফিস :** ৫০৫, ডায়মন্ড প্রেস্টিজ, ৪১ এ, এজেসি বোস রোড, কলকাতা-৭০০০১৭, **রাজ্য :** পশ্চিমবঙ্গ
**ফোন:** +৯১ (৩৩) ৬৬২৮৬৬৫৪
**ই-মেল :** ho@agiopaper.co.in
**ওয়েবসাইট :** www.agiopaper.co.in
**বিজ্ঞপ্তি**
সেবি (এলওডিআর) রেগুলেশন ২০১৫ -র রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা, **শুক্রবার, ২৯ শে এপ্রিল, ২০২২ তারিখ আমাদের রেজিস্টার্ড অফিস- ৩৫০৫, ডায়মন্ড প্রেস্টিজ, ৪১এ, এ.জে.সি বোস রোড, কলকাতা-৭০০০১৭ -তে দুপুর ০২.১৫টায়** অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে, স্টক এক্সচেঞ্জে সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ ("লিস্টিং রেগুলেশন") -এর রেগুলেশন ৪৭(১)(এ) এর শর্তানুযায়ী সংবিধিবদ্ধ নিরীক্ষকের সীমিত পর্যালোচনা প্রতিবেদন সাপেক্ষে ৩১শে মার্চ, ২০২২ তারিখে কোম্পানির সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষসমাপ্ত নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্ত করা হবে।
আরও, বিজ্ঞপ্তির বিশদ আপলোড থাকবে কোম্পানির ওয়েবসাইট http://www.agiopaper.com/Quarterly_result.html# -তে এবং অনুরূপ স্টক এক্সচেঞ্জের লিঙ্কে : http://www.bseindia.com/corporates/ann.aspx?scrip=538539%20&dur=A -তেও থাকবে।
বোর্ডের আদেশক্রমে
**এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে**
**স্বা/-**
**মলয় চক্রবর্তী**
ডিরেক্টর
স্থান: কলকাতা
তারিখ: ২০.০৪.২০২২

